।। বোধ পরীক্ষণ ।।

28.04.2020

# বাড়ির কাজ

(i) নীচের অনুচ্ছেদটি পড়ে প্রশ্নগুলির উত্তর দাও :

" হারুবাবু সন্ধ্যার সময় বাড়ি ফিরছেন। স্টেশন থেকে বাড়ি প্রায় আধ মাইল দূর, বেলাও প্রায় শেষ হয়ে এসেছে। হারুবাবু তাড়াতাড়ি পা চালিয়ে চলছেন। মনে হল তাঁর পিছন পিছন কে যেন আসছে। তিনি আড়চোখে তাকিয়ে দেখেন , সত্যি সত্যি কে যেন ঠিক তাঁরই মতন হনহনিয়ে তাঁর পিছন পিছন আসছে। হারুবাবুর মনে কেমন ভয় হল - চোর ডাকাত নয়তো! ওরে বাবা ! সামনে ঐ মাঠটা পার হবার সময় একলা পেয়ে হঠাৎ যদি ঘাড়ের উপর দুচার ঘা লাঠি কশিয়ে দেয় তা হলেই তো গেছি। হারুবাবুর রোগা রোগা পা দুটো কাঁপতে কাঁপতে ছুটতে লাগল। কিন্তু লোকটাও যে সঙ্গে সঙ্গে ছোটে!"

প্রশ্ন ১।ক।হারুবাবু কখন কোথা থেকে বাড়ি ফিরছিলেন?
খ। চলতে চলতে তাঁর কী মনে হয়েছিল?
২। বাক্য রচনা কর : মাঠ

(ii)নীচের পদ্যাংশটি পড়ে প্রশ্নগুলির উত্তর লেখ :

ঢেঁকি পেতে ধান ভানে বুড়ি ।
খোলা পেতে ভাজে খই মুড়ি ।
বিধু গয়লানি মায়ে পোয়
সকাল বেলায় গোরু দোয়।
আঙিনায় কানাই বলাই
রাশি করে সরিষা কলাই ।
বড়ো বউ মেজো বউ মিলে
ঘুঁটে দেয় ঘরের পাঁচিলে।

প্রশ্ন : ১। ক। বিধু গয়লানি কী করে?
খ। কে, কোথায় ঘুঁটে দেয়?
২। শব্দার্থ লেখ : উঠান।

Scanned with CamScanner